www.fun-books.blogspot.com

5/2
নীলমণিবাবু আমাদের আসতে বলেছেন।
আসুন!

আপনারা বসুন!
শৌখিন লোক।
আপনি এত ইয়ং সেটা জানা ছিল না।
আমার খুড়তুতো ভাই তপেশ মিত্র।
বসুন, আপনারা কিছু খাবেন-টাবেন? চা, কফি?
নাঃ। এই সবে চা খেয়ে বেরিয়েছি।
বেশ, তা হলে আর সময় নষ্ট না করে কেন ডেকেছি সেটাই বলি।
তবে তার আগে আমার পরিচয়টা একটু দিই। বুঝতেই পারছেন, আমি একজন শৌখিন লোক। পয়সাকড়িও আছে সেটা নিশ্চয়ই অনুমান করেছেন। তবে বললে বিশ্বাস করবেন না, আমি চাকরিও করি না। ব্যবসাও করি না বা বাপের সম্পত্তিও এক পয়সা পাইনি।
আজ্ঞে?
তা হলে কি লটারি?

...কখনও লটারি-টটারি জিতেছিলেন?

এগজ্যাক্টলি! এগারো বছর আগে 'রেঞ্জার্স লটারি' জিতে পেয়ে যাই পঞ্চাশ লাখ টাকা। তারপর সেই টাকা দিয়ে খানিকটা বুদ্ধি আর খানিকটা ভাগ্যের জোরে বেশ ভালভাবেই চালিয়ে এসেছি

প্রাচীনকালে ইজিপ্সিয়ানরা যে লেখা বের করেছিল, এটা সেই জিনিস বলে মনে হচ্ছে।
তাই বুঝি?
হুঁ। তবে এ লেখা পড়তে পারে এমন লোক কলকাতায় আছে কি না সন্দেহ।
তা হলে? এর মানে না করতে পারলে তো ভারী অস্বস্তিকর ব্যাপার হবে! ধরুন, যদি এগুলো সাংকেতিক হুমকি হয়, কেউ হয়তো আমাকে খুন করবে বলে শাসাচ্ছে!
আপনার এখানে ইজিপ্সিয়ান কিছু নেই?
দেখুন, আমার কোন জিনিস যে কোথাকার আমি নিজেই ভালভাবে জানি না। আমি কিনি, কারণ, আমার পয়সা আছে এবং আর পাঁচজন শৌখিন লোককে এসব কিনতে দেখেছি, তাই।
...কিন্তু এই সব জিনিসের মধ্যে একটিকেও তো খেলো বলে মনে হচ্ছে না। যারা শুধু এগুলো দেখবে, তারা তো আপনাকে রীতিমতো সমঝদার লোক বলে মনে করবে।
ওটা কী জানেন? এসব ব্যাপারে সচরাচর জিনিস ভাল হলেই তার দাম বেশি হয়। টাকা যখন আছে তখন সেরা জিনিসটা কিনব না কেন?
...অনেক ভারী-ভারী খদ্দেরের উপর টেক্কা দিয়ে কিনেছি!

এটা দিনদশেক আগে কিনেছি অ্যারটুন ব্রাদার্সের একটা নিলাম থেকে।
আনুবিস!
অ্যাঁ? আনুবিস? সে আবার কী?
আনুবিস ছিল প্রাচীন মিশরের গড অফ দ্য ডেড। মৃত আত্মাদের দেবতা...! চমৎকার জিনিস পেয়েছেন এটা।
কিন্তু, এই মূর্তি আর এই সব চিঠির মধ্যে কোনও সম্পর্ক আছে কি? আমি কি এটা কিনে ভুল করলাম? কেউ কি এটা আমার কাছ থেকে ছিনিয়ে নেবে বলে শাসাচ্ছে?
সেটা বলা মুশকিল! চিঠিগুলো কবে থেকে পেতে শুরু করেছেন?
গত সোমবার থেকে।
অর্থাৎ মূর্তিটা কেনার ঠিক পর থেকেই?
হ্যাঁ।
খামগুলো আছে?
না। ফেলে দিয়েছি। রেখে দেওয়া উচিত ছিল। খুবই সাধারণ খাম। টাইপরাইটারে ঠিকানা লেখা। পোস্ট অফিস: এলগিন রোড।

আপাতত কিছু করার নেই। সেফসাইডে থাকার জন্য মূর্তিটাকে আপনার হাতের কাছে রাখবেন। চিঠিগুলো হিয়েরোগ্লিফিকে লেখা, আর মূর্তিটা কেনার পর থেকেই পাচ্ছেন। কোনও কানেকশন থাকলেও থাকতে পারে।
সম্প্রতি একজনের বাড়ি থেকে এ ধরনের কিছু জিনিস চুরি হয়েছিল।
তাই বুঝি?
হ্যাঁ। একজন সিন্ধি ভদ্রলোক। যদ্দূর জানি, এখনও সে চোর ধরা পড়েনি।
আপনার সঙ্গে রসিকতা করতে পারে এমন কারও কথা মনে পড়ছে?
কেউ না। পুরনো বন্ধুদের সঙ্গে অনেকদিন ছাড়াছাড়ি হয়ে গিয়েছে।
আর শত্রু?
ধনীর তো শত্রু সব সময়ই থাকে। তবে তারা তো কেউ শত্রু বলে নিজেদের পরিচয় দেয় না। দেখা হলে সকলেই খাতির করে।
আপনি মূর্তিটা তো নিলামে কিনেছিলেন। ওটার উপর আর কারও লোভ ছিল না?
আমার সঙ্গে এক ভদ্রলোকের অনেকবার ঠোকাঠুকি হয়েছে... সেদিনও হয়েছিল... প্রতুল দত্ত।
কী করেন?

বোধ হয় উকিল ছিলেন। রিটায়ার করেছেন। সেদিন ওঁর আর আমার মধ্যে শেষ অবধি রেষারেষি চলে। তারপর আমি 'পঞ্চাশ হাজার' বলার পর উনি থেমে যান।
আই সি! এ বাড়িতে কি আপনারা অনেকে থাকেন?
কী বলছেন মশাই? আমার মতো একা মানুষ বোধ হয় কলকাতায় দু'টি নেই। ড্রাইভার, দু'টি পুরনো কাজের লোক ও আমি... ব্যস!
বাচ্চা ছেলে কি কেউ থাকে না এ বাড়িতে?
?
দেখেছেন, ভুলেই গিয়েছি। আজ দিনদশেক হল, আমার ভাগনে ঝুন্টু এখানে এসে রয়েছে। ওর বাবা ব্যবসা করেন। সস্ত্রীক জাপান গিয়েছেন। ঝুন্টুকে রেখে গিয়েছেন আমার জিম্মায়। বেচারি এসে অবধি ইনফ্লুয়েঞ্জায় ভুগছে। ...বাচ্চার কথা মনে হল কেন?
আলমারির পিছন থেকে একটা ঘুড়ির কোনা উঁকি মারছিল দেখলাম।
ঠিক আছে, আজ আসি! সন্দেহজনক আরও কিছু যদি ঘটে তা হলে তৎক্ষণাৎ আমাকে জানাবেন। আপাতত আর কিছু করার নেই।

চেহারাটা দেখে কীরকম ভয় করে...!
মানুষের ধড়ে অন্য যে-কোনও জিনিসের মাথা জুড়ে দিলেই ভয় করে...!
ইজিপ্সিয়ান দেবদেবীর মূর্তি ঘরে রাখা তো বেশ বিপজ্জনক!
যে প্রত্নতাত্ত্বিকরা মাটি খুঁড়ে ইজিপ্সিয়ান মূর্তি-টুর্তি... মমি বের করেছেন তাঁদের কয়েকজনকে নাজেহাল হতে হয়েছে!
লর্ড কারনারভন আর তাঁর কুকুর?
কুকুর ছিল বিলেতে। সাহেব ছিলেন ইজিপ্টে। তুতানখামেনের কবর খুঁড়ে বের করার কিছু দিনের মধ্যেই কারনারভন হঠাৎ ভীষণ অসুখে পড়ে মারা যান। ঠিক একই সময় বিনা অসুখে রহস্যজনকভাবে তাঁর কুকুরটিও মারা যায়।
হুঁ... ও... ও! আচ্ছা ঠিক আছে।
আনুবিস গায়েব। এক্ষুনি যেতে হবে।
BALLYGUNGE MAIDAN CAMP

নাইটমেয়ারের মধ্যে দিয়ে গিয়েছে মশাই। এরকম হরিবল অভিজ্ঞতা আমার কখনও হয়নি।
দেখুন হাতে কীরকম দাগ বসে গিয়েছে!
কী ব্যাপার বলুন।
আপনার কথামতো গতকাল মূর্তিটা একেবারে বালিশের তলায় নিয়ে শুয়ে ছিলাম। এখন মনে হচ্ছে, সেটা না করলে অন্তত শারীরিক যন্ত্রণাটা ভোগ করতে হত না।
যাক গে! রাত কত জানি না... একটা বিশ্রী অবস্থায় ঘুম ভেঙে গেল। দেখি, কে যেন আমার মুখটা আষ্টেপৃষ্ঠে গামছা দিয়ে বাঁধছে। বাধা দিতে গিয়ে বুঝলাম...
...আমার চেয়ে অনেক শক্তিশালী লোকের পাল্লায় পড়েছি। দেখতে-দেখতে আমার হাত পিছমোড়া করে দিলে...! সকালে নন্দলাল চা নিয়ে এসে ওই অবস্থায় দেখে বাঁধন খুলে দেয়।
... সমস্ত শরীরে ঝিঁঝিঁ ধরে গেস্‌ল। উঃ!

www.fun-n-books.blogspot.com

মিস্টার মিত্তির...
এ বাড়িতে কারও নস্যির বাতিক আছে?
কই, না তো!
...মূর্তি একটা গিয়েছে, আর-একটা না হয় কিনব, কিন্তু ঘরে ঢুকে আমার উপর যা-তা অত্যাচার করে চলে যাবে, এ কিছুতেই বরদাস্ত করা যায় না। যদি লোকটাকে ধরে দিতে পারেন তা হলে আমি আপনাকে ইয়ে, মানে, ইয়ে আর কী...!
পারিশ্রমিক?
হ্যাঁ, হ্যাঁ পারিশ্রমিক, মানে রিওয়ার্ড দেব। আমার সংগ্রহ থেকে যে-কোনও একটা চুজ় করে নিতে পারেন।
আপনি দিতে চান
কিন্তু আমি কাজটা
নিচ্ছি। কারণ, এ
অনুসন্ধানে একটা
আছে। ...একবার
লোকদের সঙ্গে
বলব!
তোমার ঘর কোথায় নন্দলাল?
পিছন দিকে। পাঁচু, আমি এক ঘরেই শুই।
কাল কখন শুতে গিয়েছ?
শুতে-শুতে বারোটা হয়... কালও।
কাল এসেছিল, যারা গান গাইতে আসে?
ক'দিন আসছে...! কাল এসেছিল কিনা মনে নেই।
বাড়ির গেট বন্ধ করে কে?
আজ্ঞে, আমিই করি।
কাল সাড়ে ন'টায়
গ্যারাজ করে
চলে যাই।
বাড়ি
কসবা।

আসুন মিঃ মিত্তির... কী ব্যাপার... নতুন কোনও কেস?
এই আরকি, একজনের ঠিকানা দরকার...। আপনার এখানে রেগুলার জিনিস কেনেন, প্রতুল দত্ত।
প্রতুল দত্ত... লাভ লক স্ট্রিটে থাকেন। দাঁড়ান দিচ্ছি!
সেভেন বাই ওয়ান, লাভ লক স্ট্রিট।
থ্যাঙ্ক ইউ।
ইউ আর ওয়েলকাম।
ভদ্রলোকের ঘরে এত এক্সপেনসিভ জিনিসের মধ্যে শুধু আনুবিসটাই নিয়ে গেল?
খুব নির্লোভ চোর। যেটা দরকার তার বাইরে কিছু নেয় না।
হ্যালো, প্রতুল দত্ত বলছেন?
ইয়েস!
আমি নাকতলা থেকে শ্রী জয়রাম বাগচি কথা কইচি।
বলুন!
আমি প্রাচীন কারুশিল্প সম্পর্কে বিশেষ উৎসাহী। এই বিষয় নিয়ে আমি একটি পুস্তক রচনা করছি।

www.fun-n-books.blogspot.com

হ্যালো...
...
হ্যালো...
হ্যালো...
প্রদোষ মিত্তির আছেন?
উনি একটু ঘুমোচ্ছেন! ...আপনি কে কথা বলছেন?
...
ঠিক আছে, আপনি তাঁকে বলে দেবেন যে, মিশরের দেবতা যেখানে যাওয়ার সেখানেই গিয়েছেন। প্রদোষ মিত্তির যেন নাক গলাতে
না আসেন। কারণ, তাতে অনিষ্ট হওয়ার আশঙ্কা বেশি।
কে করেছিল?
জানি না। বলল, মিশরের দেবতা যেখানে যাওয়ার সেখানেই গিয়েছেন। প্রদোষ মিত্তির যেন নাক না গলায়। তাতে অনিষ্ট হওয়ার আশঙ্কা বেশি।
কটার গলার আওয়াজ কীরকম?
ঘড়ঘড়ে, গম্ভীর।
তো কোনও বুথ থেকে করেছে মনে হচ্ছে।
আপনার ওখান থেকে একটা কল এসেছিল এই লাইনে। কে করেছে বলতে পারেন?
একটি বাচ্চা ছেলে পয়সা দিয়ে গেল তো দেখলাম।
আপনার জায়গাটা কোথায়?
হাজরা।
ধন্যবাদ!
যাকগে। আপাতত প্রতুল দত্তর চেহারাটা একবার দেখে আসি।

প্রতুলবাবু আমাদের জন্যে অপেক্ষা করছেন।
আসুন।

আজ্ঞে, আমারই নাম জয়রাম বাগচি। এটি আমার ভাগনে সুবোধ।

আবার ভাগনে কেন?

ঠিক আছে... আসুন ভিতরে! দেখবেন, সব কাঁচা রং...!

আপনার কাছে মিশর দেশের শিল্পকলার অনেক চমৎকার নিদর্শন রয়েছে দেখছি।
তা আছে। কিছু জিনিস কায়রোয় কেনা। কিছু এখানে অকশনে।
দ্যাখো বাবা সুবোধ, ভাল করে দ্যাখো। কতরকম দেবদেবী দ্যাখো। এই যে বাজপাখি, এও দেবতা। জলহস্তী, প্যাঁচা এরাও দেবতা।
দেশে কতরকম জিনিসকে করত লোকেরা দ্যাখো।
শেয়াল-দেবতা নেই বড়মামা?
খক-র-র!
চুরুটের কোয়ালিটি ফল করছে।
হেঁ, হেঁ। আমার ভাগনে আনুবিসের কথা বলছে। কালই ওকে বলছিল কিনা।
আনুবিস! স্টুপিড ফুল!
?

আজ্ঞে, আপনি আনুবিসকে মূর্খ বলছেন?
আনুবিস না। সেদিন নিলামে ...লোকটাকে আগেও দেখেছি। হি ইজ এ ফুল।
ওর বিডিং-এর কোনও
নেই। চমৎকার
ছিল... আনুবিসে
অ্যাবসার্ড দাম হাঁক
যার উপর আর চ
না। অত টাকা
পায় জানি না
অশেষ ধন্যবাদ! আপনি মহাশয় ব্যক্তি। পরম আনন্দ পেলাম আপনার সংগ্রহ দেখে।
বাড়িতে লোকজন আর বিশেষ...?
গিন্নি আছেন। ছেলে বিদেশে।
পাড়াটা খুব নির্জন তো...!
টং
ঠিং
টং
বল মা তারা দাঁড়াই কোথা
টং
ঠিং
আমার কেহ নাই শঙ্করী হেথা...!

বল মা তারা দাঁড়াই কোথা
আমার কেহ নাই শঙ্করী হেথা...!
ট্যাক্সি!
মার সোহাগে বাপের আদর
এ দৃষ্টান্ত যথা তথা
যে বাপ বিমাতারে শিরে ধরে,
এমন বাপের ভরসা বৃথা
তুমি না করিলে কৃপা যাব কি বিমাতা যেথা
যদি বিমাতা করেন কোলে ঘুচে যাবে মনের ব্যথা
প্রসাদ বলে এই কথা মা,
বেদাগমে আছে গাঁথা
যে তোমার নাম করে
বংশলোচন।
যা, টাকা দিয়ে আয়।

বল মা তারা দাঁড়াই কোথা
টুং...
ঠক...
?

আঃ!

মার সোহাগে বাপের আদর

...হ্যাঁ বলুন মিঃ সান্যাল, কাগজে পড়ছিলাম... দেখি একবার!

91
LOVELOCK ST

কী হে ফেলুবাবু... গন্ধে-গন্ধে এসে জুটেছ দেখছি।
আর কী করি বলুন, আমাদের তো ওই কাজ।

কাজ বোলো না। কাজটা তো আমাদের। তোমাদের হল শখ। তাই না?
কিছু কিনারা করতে পারলেন? বার্গলারি কেস?

ছাড়া আর কী? কাল এক বুড়ো, এক ছোকরা এখানে জিনিস দেখতে সেছিল। মিঃ দত্তর ধারণা, এরাই আছে এই চুরির পিছনে। ওঁর সেল-এ র নাম্বার আছে।
হলে তো র ধরেই লেছেন...!

বেশ বলেছ! দু' সপ্তাহ আগে এক সিন্ধি ভদ্রলোকের ঠিক এইভাবে চুরি গিয়েছে। ...এর পিছনে একটা র‍্যাকেট কাজ করছে বলে

আমার ধারণা। সব ক'টাই ছিল মিশরের মূর্তি!

উঃ!
ঠিক কখন হয়েছে চুরিটা?
রাত পৌনে দশটা।
কে প্রথম টের
বংশলোচন।
ডেকে আনি।
কোথায় ব্যথা?
চি চি হি, তলপেটে।
তলপেটে? ঘুসি তলপেটে মেরেছিল?
সে কী হাতের জোর, বাপরে বাপ! মনে হল, যেন একখানা পাথর লাগল। তার পরেই অন্ধকার!
আওয়াজটা শুনলে কখন?
টাইম দেখিনি...
ঘরে বিছানা
দু'টো ছেলে
কীর্তন গান

ওরা রোজ আসে?
তিন-চারদিন
আসছে।
তারপর?

মাঠাকরুন পুজোর ঘরে ছিলেন।
বললেন, পয়সা দিয়ে আয়।

এ ঘর থেকে শব্দ পেলাম, যেই না ঘরে
ঢুকেছি... উ হু হু! তারপর আর কিছু জানি না।

তোমার নম্বর তো
প্রতুল দত্তের
ফোনে রয়েছে...
ইনস্পেক্টর নন্দীকে পরে বলে
দিলেই হবে।

5/2
N. SANYAL

বাচ্চা ছেলের হাতের ছাপ... মানে কোনও ব্রাউন রং লেগে ছিল।
কোথা থেকে লাগতে পারে?

প্রতুলবাবুর ঘরের দরজার রং!
এগজ্যাক্টলি!

তার মানে, একজন বাচ্চা বাড়িতে-বাড়িতে গিয়ে শুধু ইজিপ্সিয়ান দেবদেবীর মূর্তি চুরি করছে?
দেখি, নীলমণিবাবুর নতুন করে কিছু চুরি গেল কিনা...।
আমি আগে!

?
আমাদের গেটে আগে কে যায় দেখি!
ক্রিং
ক্রিং

আসুন, আপনি শুনলে কী বলবেন জানি না...
তবে আমার মনটা আজ কালকের চেয়ে কিছুটা হাল্‌কা। আমার মতো দুর্দশা যে আর-একজনেরও হয়েছে, সেটা ভেবে খানিকটা কষ্ট লাঘব হচ্ছে।
ও একটা প্রশ্নের উত্তর না পাওয়া অবধি কষ্ট যাবে না... কোথায় গেল আমার আনুবিস?
চা নিয়ে আয়।
... বলুন? আপনি এত বড় ডিটেকটিভ, দু'-দু'টো ডাকাতি উপরি-উপরি হয়ে গেল, আর আপনি এখনও যেই তিমিরে সেই তিমিরে?
আপনার ভাগনেটি কেমন আছে?
কে, ঝন্টু? ও আজ অনেকটা ভাল। ওষুধে কাজ দিয়েছে... জ্বরটা অনেক কম।
আচ্ছা, বাইরের কোনও ছেলেটেলে কি পাঁচিল টপকে এখানে আসে?
পাঁচিল টপকে? কেন বলুন তো?

আপনার পাঁচিলের বাইরের দিকটায় একটা বাচ্চা ছেলের হাতের ছাপ দেখছিলাম।
ছাপ মানে? কীরকম ছাপ?
ব্রাউন রঙের
টাটকা।
বলা মুশকিল, তবে খুব পুরনো নয়।
কই, কোনও দিন কোনও বাচ্চাকে আসতে দেখিনি। দু'টো ছোকরা আসে... শ্যামাসঙ্গীত গায়। অবশ্য ছেলেরা জামরুল গাছ থেকে ফল খেতে আসতে পারে।
চোরের বিষয়ে আর কিছু জানতে পারলেন?
চোরের হাতের জোর সাংঘাতিক। এক ঘুসিতে প্রতুলবাবুর কাজের লোককে অজ্ঞান করে দিয়েছিল।
তা হলে এ চুরি, ও চুরি, এক চোরেই করেছে বলছেন?
হতে পারে। তবে গায়ের জোরটা এখানে বড় কথা নয়। একটা বীভৎস বুদ্ধিরও ইঙ্গিত যেন পাওয়া যাচ্ছে।
আশা করি সে বুদ্ধিকে জব্দ করার মতো বুদ্ধি আপনার আছে। না হলে তো আমার মূর্তি পাওয়ার আশা ছাড়তে হয়।
আরও দু'টো দিন অপেক্ষা করুন।
পর্যন্ত ফেলু মিত্তিরের ডিফিট

শ্যামাসঙ্গীত গাইছে যারা তারা কি এটা করতে পারে?
হতেও পারে।
কিন্তু একটা বাচ্চা ছেলের ঘুসির এত জোর যে, একটা ড়ো লোক অজ্ঞান হয়ে যাবে?
বাচ্চা ছেলে ঘুসি না-ও মারতে পারে!
?
আচ্ছা... চুরিটা তো আগে নীলমণিবাবুর বাড়িতে হয়েছে। তা হলে সে চোর তুলবাবুর ওখান থেকে চুরি করে আবার এসেছিল নীলমণিবাবুর এখানে?
রহস্য! এসে নতুন করে কিছু চুরি করেছে কি না সেটা জানতে হলে আর-একদিন সময় দিতে হবে। দেখা যাক, কাল কী বলেন নীলমণিবাবু!
মিঃ সান্যাল?
বলছি।
আপনার রহস্য সমাধান হয়ে গিয়েছে।

মূর্তি পেয়েছেন?
এখনও হাতে আসেনি। তবে কোথায় আছে আন্দাজ পেয়েছি। আপনি বাড়িতে আছেন?
না। আমাকে বেরোতে হচ্ছে। ঝন্টুর অসুখ বেড়েছে... হাসপাতালে নিয়ে যাচ্ছি।
ও, তা হলে পরে দেখা হবে।
হবে।
মিঃ নন্দী, ইজিপ্সিয়ান মূর্তি চুরির ব্যাপারে ফোনটা করছি। আপনি এক্ষুনি একবার রোল্যান্ড রোডে চলে আসতে পারবেন?
ওকে স্যার!
খুব তাড়া আছে।
BALLYGUNGE MAIDAN CAMP

...চ' চ'!
ঠিক সময়।

গেট দিয়ে ঘুরিয়ে নিন।

TAXI

হাউ!
হাউ!

বাঁ দিকে নে!

Getz

www.fun-n-books.blogspot.com

!
ROLAND H
!?
হাউ !

ক্লাচ ছাড়ুন... স্টিয়ারিং সোজ
KOLKATA POLICE

প্যাঁ- অ্যাঁ !

!
DON
DON
KIP
KIP

আপনি চালিয়ে যান।

বুম !

হাউ, হাউ!

এসব হচ্ছে কী?
গাড়িতে ড্রাইভার ছাড়া আর কে আছে জানতে পারি কি?

কে আবার থাকবে? বললাম তো ভাগনেকে নিয়ে হাসপাতালে যাচ্ছি।

উ-রে-ব !

অল্প বয়সের ছেলের হাতে এত লাইন থাকে না। অথচ সাইজ যখন ছোট তখন তার মানে বেঁটে বামনের হাতের ছাপ।
আসুন মিঃ নন্দী।
কত বয়স হল আপনার শাগরেদের?
চল্লিশ।
আপনি এদিকে আসুন!
আমাকে ডেকে পাঠিয়ে... চুরির মিথ্যে ঘটনা খাড়া করে...। এদিকে নিজেই লোক লাগিয়ে পরের জিনিস চুরি করছেন? চমৎকার!

বাড়িতে যাকে দেখলাম সে কি সেই ভিখিরি ছেলেটি?
হুঁ!
আপনার ভাগনে নেই। ছেলেটি গাইত আর বামনটা খঞ্জনি বাজাত। চুরির টাইমে খঞ্জনিটা ছেলেটার হাতে দিয়ে যেত এবং সে-ই বাজাতে থাকত।
আপনার বুদ্ধির তারিফ না করে পারা যায়
মিশরের প্রাচীন জিনিসের উপর একটা নেশা ধরে গিয়েছে। প্রচুর পড়াশুনো করেছি এই নিয়ে। সাধে কী প্রতুল দত্তর উপর হিংসা হয়েছিল!
অতি লোভে শুধু তাঁতিই নষ্ট হয় না, বামুনও হয়। এবার আমার রিওয়ার্ডটা...!
রিওয়ার্ড?
থ্যাঙ্ক ইউ!

(সমাপ্ত)